1 9 FEB 2017

# বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ে ডাবল শিফট চালুর আবেদন

ইদানীং দেখা যাচ্ছে, প্রায় বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ে প্রতিটি শাখায় সরকার নির্ধারিত সংখ্যার চেয়ে দ্বিগুণ কখনো কখনো তিনগুণ ছাত্রছাত্রী নিয়ে পাঠদান করতে হচ্ছে। তাতে একদিকে যেমন আসনব্যবস্থার সমস্যা অন্যদিকে যথাযথ উপকরণ ব্যবহার করা যাচ্ছে না। ফলে শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় থাকে না, শিক্ষার্থীদের মাঝে দেখা দেয় অস্বস্তিবোধ। তেমনি শিক্ষকগণও ক্লাস নিয়ন্ত্রণে রাখতে হিমশিম খাচ্ছেন। তার ওপর সরকার নতুন শিক্ষাপ্রতিষ্ঠানকেও স্বীকৃতি দিচ্ছে না। তাই যে সব মাধ্যমিক বিদ্যালয়ে এমন পরিবেশ বিরাজমান, সেগুলোতে ডাবল শিফট চালু করলে একদিকে যেমন পাঠদানে শ্রেণিকক্ষে সুষ্ঠু পরিবেশ ফিরে আসবে, তেমনি একই অবকাঠামোতে কিছু বেকার মেধাবী ছেলেমেয়ে শিক্ষকতার সুযোগ পাবে। তাতে কিছুটা হলেও বেকার সমস্যা দূর হবে।

**রতন চন্দ্র দাস**
সিনিয়র শিক্ষক, এমাদ উদ্দিন উচ্চ বিদ্যালয়
কুলিয়ারচর, কিশোরগঞ্জ